

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
শৃঙ্খলা বিষয়ক শাখা
www.shed.gov.bd

নম্বর- ৩৭.০০.০০০০.৯৫.২৭.০০১.২০২২. ৬০৭

তারিখ: ১১ আষাঢ় ১৪৩০ বঙ্গাব্দ
২৫ জুন ২০২৩ খ্রি.

প্রজ্ঞাপন

যেহেতু, জনাব রওশন আরা বেগম (৩৩৪৭), সহযোগী অধ্যাপক (হিসাববিজ্ঞান), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা; সরকারি বাংলা কলেজ, ঢাকা (প্রাক্তন সহযোগী অধ্যাপক হিসাববিজ্ঞান, ফিন্যান্স এন্ড ব্যাংকিং পদের বিপরীতে), সরকারি তিতুমীর কলেজ, ঢাকায় কর্মরত থাকাকালীন উর্ধ্বতন কর্তৃপক্ষের সাথে অসদাচরণ এবং কোভিড এর সময় অনলাইনে ক্লাস নেয়ার নির্দেশনা থাকলেও ১ (এক) বছর ২ (দুই) মাস একটি অনলাইন ক্লাসেও অংশগ্রহণ না করে বিনা অনুমতিতে কর্মে হতে অনুপস্থিত থাকার অভিযোগে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩ (খ) ও ৩ (গ) অনুযায়ী “অসদাচরণ” ও “পলায়ন” এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয়;


যেহেতু, তিনি উক্ত নোটিশের জবাব প্রদান করেন এবং গত ০৩/০৭/২০২২ খ্রিস্টাব্দে এ বিষয়ে ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়। শুনানিতে প্রদত্ত বক্তব্য সন্তোষজনক না হওয়ায় আনীত অভিযোগ তদন্তের জন্য তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত কর্মকর্তার দাখিলকৃত প্রতিবেদনে উল্লেখ্য করেন যে, অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে ১ (এক) বছর ২ (দুই) মাস অনলাইনে একটিও ক্লাস না নেয়ার অভিযোগ প্রমাণিত যা সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩ (খ) ও ৩ (গ) অনুযায়ী “অসদাচরণ” ও “পলায়ন” এর পর্যায়ভুক্ত অপরাধ;

যেহেতু, জনাব রওশন আরা বেগম এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩ (খ) ও ৩ (গ) অনুযায়ী “অসদাচরণ” ও “পলায়ন” এর অভিযোগ প্রমাণিত হওয়ায় গুরুত্ব ও প্রাসঙ্গিক সকল বিষয় বিবেচনায় তাকে একই বিধিমালার ৪(২)(ক) বিধি অনুযায়ী এ মন্ত্রণালয়ের ২৮/১১/২০২২ তারিখের ৩৭.০০.০০০০.৯৫.২৭.০১.২০২২.৮৬ নং প্রজ্ঞাপনমূলে “তিরস্কার” লঘুদণ্ড প্রদান করা হয়;

যেহেতু, জনাব রওশন আরা বেগম (৩৩৪৭) উক্ত দণ্ডদেশ মওকুফের নিমিত্ত মহামান্য রাষ্ট্রপতি সমীপে ১৫/০৫/২০২৩ তারিখে আপিল আবেদন করেন এবং মহামান্য রাষ্ট্রপতি সদয় হয়ে ১১/০৬/২০২৩ তারিখে “আপিল আবেদনকারীর আবেদন মঞ্জুর করে তাঁকে প্রদত্ত ‘তিরস্কার’ দণ্ড বাতিল করা হল” মর্মে সিদ্ধান্ত প্রদান করেন;

সেহেতু, মহামান্য রাষ্ট্রপতি সদয় সিদ্ধান্তের আলোকে জনাব রওশন আরা বেগম (৩৩৪৭)-এর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলায় এ মন্ত্রণালয়ের ১৫/০৫/২০২৩ তারিখের ৩৭.০০.০০০০.৯৫.২৭.০১.২০২২.০৩ নং প্রজ্ঞাপনমূলে আরোপিত ‘তিরস্কার’ লঘুদণ্ড এতদ্বারা বাতিল করা হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।


রাষ্ট্রপতির আদেশক্রমে,

(সোলেমান খান)
সচিব

নম্বর- ৩৭.০০.০০০০.৯৫.২৭.০০১.২০২২. ৩০৭/২(৭)

তারিখ: ১১ আষাঢ় ১৪৩০ বঙ্গাব্দ
২৫ জুন ২০২৩ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা (জনাব রওশন আরা বেগম এর ব্যক্তিগত নথিতে/ডোসিয়ারে প্রজ্ঞাপনটি সংরক্ষণের অনুরোধসহ)।
- ২। সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। উপসচিব (কলেজ-২), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। অধ্যক্ষ, সরকারি বাংলা কলেজ, ঢাকা।
- ৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৬। প্রধান হিসাবরক্ষণ ও ফিন্যান্স কর্মকর্তা, ৪৫, পুরানা পল্টন, ঢাকা।
- ৭। জনাব রওশন আরা বেগম (৩৩৪৭), সহযোগী অধ্যাপক (হিসাববিজ্ঞান), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা (সংযুক্তি: সরকারি বাংলা কলেজ, ঢাকা)।


(আবু সাঈদ মো: ফজলে এলাহী)
উপসচিব
ফোন: ২২২৩৩৫৪২৬৫